# উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুরের মার্চ-২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আবু নাসের শাহ মোঃ মাহবুবার রহমান<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন। |
| সভার তারিখ | ঃ | ২৮/০৩/২০২৪ খ্রি.। |
| সভার সময় | ঃ | বেলা-১১.০০ ঘটিকা |

সভায় উপস্থিত/ অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানান এবং বিগত বছরে আন্তরিক সহযোগিতার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অত:পর ২০/০২/২০২৪ খ্রি. ।খ্রি. তারিখের সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। অতঃপর এজেন্ডাভিত্তিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়:**<br>সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের অর্থায়ণে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে উপজেলা স্বাস্থ্যসেবার মানোন্নয়নে এবং রোগীদের সেবার মান বাড়াতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে, ইজিজি মেশিন, এনালাইজার মেশিন, ও সার্বক্ষনিক বিদ্যুৎ সরবরাহের নিমিত্তে অত্যাধুনিক জেনারেটর প্রদান করা হয় । তিনি হাসপাতালের সেবার মান বাড়ানোর সরঞ্জাম প্রদানের জন্য উপজেলা পরিষদকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | সভায় হাসপাতালের ঔষদ ব্যবস্থাপনা ও রোগীদের সেবার মান বাড়ানোর জন্য যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প: প: কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ২. | **উপজেলা পরিবার পরিকল্পনা অফিসারের কার্যালয়:**<br>উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম জানা গেলনা। | যথা সময়ে কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ অফিসার |
| ৩. | **উপজেলা প্রাণিসম্পদ অফিসারের কার্যালয় :**<br>উপজেলা প্রানিসম্পদ অফিসার সভায় জানান শাহ ইছাব উদ্দিন সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ইসাদ ফকিরটারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মিল্ক ফিডিং কার্যক্রম সুন্দরভাবে চলমান আছে। বিষয়টি সুষ্ঠভাবে তদারকি করা হচ্ছে। | উক্ত কার্যক্রমকে সঠিকভাবে মনিটরিং করার জন্য উপজেলা প্রানিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার |
| ৪. | **উপজেলা কৃষি অফিসারের কার্যালয়:**<br>উপজেলা কৃষি অফিসার মহোদয় জানান যে, মার্চ-২০২৪ পর্যন্ত ২০২২-২৩ অর্থ বছরে পীরগাছা উপজেলা খরিপ-২ মৌসুমে আমন আবাদের লক্ষ্যমাত্রা ২০৫০৩ হে: এখন পর্যন্ত অর্জিত হয়েছে ২০৫৪০ হে: যা শতভাগ লক্ষ্যমাত্রা অর্জন। প্রতিনিয়ত উপ-সহকারী কৃষি অফিসারদের মাধ্যমে গুনগত ফলন ভালোর লক্ষে কৃষকদের পরামর্শ প্রদান করা হচ্ছে। | সভায় সারের ব্যাপারে মনিটরিং জোরদার এবং বিক্রি ও মজুদ গরমিল এবং ভেজাল কিটনাশক ব্যবহার করলে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা পরিষদ/ উপজেলা কৃষি অফিসার |
| ৫. | **উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় ঃ**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানানযে, পীরগাছা উপজেলায় মৎস্য অধিদপ্তরাধীন রাজস্ব খাতে ২০২৩-২৪ অর্থ বছরে বিল নার্সারী স্থাপনের উদ্দেশ্য বিল পরিদর্শ ও মৎস্য অভয়াশ্রম মেরামতের জন্য বিদ্যমান মৎস্য অভয়াশ্রম পরিদর্শ করা হয় এবং সুফলভোগী মৎস্যজীবিদের সাথে মত বিনিময় ও মাছ চাষের পরামর্শ প্রদান করা হয়। মৎস্য পোনা উৎপাদন হ্যাচারী, পরিদর্শন পূর্বক হ্যাচারী মালিককে গুনগত মানসম্পন্ন পোনা উৎপাদনের পরামর্শ প্রদান করা হয় ও বাজার পরিদর্শন পূর্বক মৎস্য খাদ্য উপকরণ সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন কার্যক্রম বিষয়ে তদারকি করা হয়। মাছ আড়ৎ ও মাছ বাজার পরিদর্শ পূর্বক জাটকা মাছ, মাগুর মাছ, পিরানহা মাছ বিক্রয় বন্ধ রাখার ও মাছ বাজারে ডিজিটাল মিটার ব্যালেন্স পরিমাপের জন্য ব্যবহার করার নির্দেশনা দেওয়া হয়। মাঠ পর্যায়ে মৎস্য চাষিদের মৎস্য চাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান কার্যক্রম চলমান আছে। | মৎস্য চাষীদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ ও পরামর্শের জন্য উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার |
| ৬. | **উপজেলা প্রকৌশলীর কার্যালয় :**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, জেলা প্রকৌশলী সভায় জানান যে, (১) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও (২) ২০২৩-২০২৪ অর্থ বৎসরের রাজস্ব উন্নয়ন (এডিপিতে স্থানান্তরিত) পিআইসি ও দরপত্রের মাধ্যমে বাস্তবায়িত প্রকল্প সমূহ চলামান আছে। কাজের অগ্রগতি-৫০%। | বিষয়গুলী বিস্তারিত আলোচনান্তে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ৭. | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসারের কার্যালয়:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান যে, টিআর কাবিটা, কাবিখাও অন্যান্য খাতের প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী প্রকল্পর কার্যক্রম চলমান। | প্রকল্প সমুহ সঠিক ভাবে যাচাইয়ের এর জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার |
| ৮. | **উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়:**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ৯. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়:**<br>উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম জানা গেলনা। | যথা সময়ে কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০. | **উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয় ঃ**<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ১১. | **উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়:**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২. | **উপজেলা সমবায় অফিসারের কার্যালয় ঃ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ১৩. | **উপজেলা মহিলা বিষয়ক অফিসারের কার্যালয়ঃ**<br>উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে মার্চ-২০২৪ পর্যন্ত ২০২৩-২০২৪ চক্রে ভিডব্লিউবি কার্যক্রমে ৯ টি ইউনিয়নের মোট উপকারভোগীর সংখ্যা ২৯৮৬ জন। তাদের জন প্রতি ৩০ কেজি চাল দেয়া চলমান । তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে প্রত্যেক উপকারভোগীর সঞ্চয় জমার রশিদ দেখে চাল বিতরণ করার অনুরোধ করেন। মাতৃত্বকালীন ভাতা মোট ২৭৬ জন উপকারভোগীর চুড়ান্ত তালিকা চলমান রয়েছে। উপকারভোগীরা মাসে ৮০০/- হারে ভাতা পাবেন। এছাড়াও ক্ষুদ্র ঋণ সংক্রান্ত কার্যক্রমে আদায়ের হার ৯৬%। খেলাপী ঋণ গ্রহীতাগণকে ঋণ আদায়ের লক্ষ্যে নোটিশ প্রদান করা হয়েছে। বর্তমানে অত্র উপজেলায় ১২ টি সেচ্ছাসেবী মহিলা সংগঠন রয়েছে। এর মধ্যে ০৯ টি মহিলা সংগঠন রয়েছে। তাদের মধ্যে ০৫ টি সংগঠন অনুদান পায়। তাদের মধ্যে অনুদানের চেক বিতরণ চলমান রয়েছে। প্রতিটি ইউনিয়নের নিকটবর্তী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কিশোর-কিশোরী ক্লাব স্থাপন করা হয়েছে। তাদের কার্যক্রম চলমান। | সভায় আলোচনান্তে ভিডব্লিউবি, মাতৃত্বকালীন ভাতা, ইত্যাদি সঠিকভাবে বাস্তবায়নের জন্য মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান সকল এবং সংশ্লিষ্ট ট্যাগ অফিসারগণকে অনুরোধ করা হয় । আছাড়াও আশ্রয়ণ কেন্দ্রের উপকারভোগীদের ভিডব্লিইবি এবং মা ও শিশু সহায়তা অনুযায়ী তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার /ইউপি চেয়ারম্যান সকল/সংশ্লিষ্ট ট্যাগ অফিসার |
| ১৪. | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয় ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | মাস ভিত্তিক প্রশিক্ষণ, ঋণ প্রদান ও আদায় সম্পর্কৃত তথ্য প্রদান করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |
| ১৫. | **সহকারী প্রকৌশলীর (জনস্বাস্থ্য) কার্যালয় ঃ**<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পীরগাছা জানান যে, রংপুর জেলার পীরগাছা উপজেলায় পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় গ্রহনকৃত প্রকল্পসমুহর কার্যক্রমগুলো চলমান আছে । | প্রকল্পসমুহ দ্রুত বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য এবং সংশ্লিষ্ট সকল |
| ১৬. | **ভারপ্রাপ্ত বন অফিসারের (এস,এফ,এন,টি,সি) কার্যালয় ঃ**<br>উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রম জানা গেলনা। | যথা সময়ে কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে হবে। | ভারপ্রাপ্ত বন অফিসার |
| ১৭. | **উপজেলা স্থায়ী কমিটি ঃ**<br>ভাইস চেয়ারম্যান চেয়ারম্যান সভায় জানান যে, মার্চ-২০২৩ তে উপজেলা ১৭ টি স্থায়ী কমিটির মধ্যে ০৮ টি স্থায়ী কমিটির মিটিং অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও ইউজিডিপি প্রকল্পের কাজ চলমান আছে। | সকল স্থায়ী কমিটির সভা যথাসময়ে সম্পূর্ণ করার জন্য অনুরোধ করা হয়। | ভাইস চেয়ারম্যানদ্বয় |
| ১৮. | **বিবিধঃ** | | |
| | (ক) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ (৬ষ্ঠ পর্যায়) অর্থ বছরের নিম্নে বর্ণিত অবকাঠামোর উপ-প্রকল্পসমুহ বাস্তবায়িত হয়েছে। বিলসহ প্রকল্পসমুহ নিম্নরুপ : উপ প্রকল্প-২ : পীরগাছা উপজেলায় পীরগাছা বহুভাষী ষাঁটলিপি প্রশিক্ষণ একাডেমিতে ওয়াশব্লক ও হাইজিন কর্ণার নির্মাণ। বিল-৯,৯৮,৪০৮.০০/- (নয় লক্ষ আটানব্বই হাজার চারশত আট) টাকা, ভ্যাট আইটি সহ। উপ প্রকল্প-৩ : পীরগাছা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে জেনারেটর মেশিন, ইসিজি মেশিন ও এনালাইজার সরবরাহ করণ। বিল-১০,৯৫,০০০.০০/-(দশ লক্ষ পঁচানব্বই হাজার) টাকা, ভ্যাট আইটি সহ। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর আওতায় উক্ত উপ-প্রকল্পসমুহ সম্পন্ন হওয়ায় তা অনুমোদন ও বিলটি প্রকল্প পরিচালক মহোদয়ের কার্যলয়ে প্রেরণের সিদ্ধান্ত সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| | (খ) সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, পীরগাছা উপজেলার ১৪৩১ বাংলা সনে ১৭টি হাট-বাজার ইজারার জন্য যথানিয়মে দরপত্র আহ্বান করা হয়। সে মোতাবেক ১ম বার নিম্নবর্ণিত ১১ টি হাট-বাজার ইজারা হয় ও ২য় বার নিম্নবর্ণিত ০১ টি হাট-বাজার ইজারা হয়। অবশিষ্ট ০৫ টি হাট-বাজারের পর-পর ৫ম বার পর্যন্ত দরপত্র বিক্রয় ও দাখিলরে তারিখ অতিবাহিত হলেও সৈয়দপুর, দামুরচাকলা, কালীগঞ্জ, ইটাকুমারী ও চৌধুরাণী হাট-বাজারের অনুকূলে কোন দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিল হয়নি। সরকারি মূল্যে দরপত্র সিডিউল বিক্রয় ও দাখিল না হওয়ার বিদ্যমান কারণ উল্লেখ করে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণ ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর নিম্নরূপ (পরিশিষ্ট-"খ") মতামত পেশ করেন। | বিষয়টি বিস্তারিত আলোচনান্তে ইজারা না হওয়া হাটগুলোর ব্যাপারে মতামতের নিমিত্বে জেলা প্রশাসক মহোদয়ের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | (গ)মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন 'ক' শ্রেণির তালিকাভুক্ত পরিবার পুনর্বাসনের লক্ষ্যে সর্বশেষ হালনাগাদকৃত এবং ইতোপূর্বে প্রেরিত ৩২০ টি পরিবারকে গৃহ প্রদান করে পীরগাছা উপজেলা কে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষনা করা যায়। পীরগাছা উপজেলার সর্বস্তরের প্রতিনিধি, টাস্কফোর্স কমিটির সদস্যবৃন্দ এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাবৃন্দ এ বিষয়ে একমত পোষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, চাহিদা অনুযায়ী ইতোপূর্বে প্রেরিত ৩২০ টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে পুনর্বাসনের জন্য ইতোমধ্যে বরাদ্দ পাওয়া যায়। প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। পীরগাছা উপজেলা কে ভূমিহীন ও গৃহহীনমুক্ত করা এবং আধুনিক উন্নত উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা জনাব টিপু মুনশি মহোদয়ের সম্মতি রয়েছে এবং সুদৃষ্টি রয়েছে। এমতাবস্থায়, হালনাগাদকৃত তালিকা মোতাবেক সর্বসম্মতিক্রেমে আর কোন ভূমিহীন ও গৃহহীন এর চাহিদা না থাকায় পীরগাছা উপজেলা কে ভূমিহীন ও গৃহহীনমুক্ত ঘোষণাজন্য সভায় উপস্থাপন করা হয়। | বিস্তারিত আলোচনান্তে পীরগাছা উপজেলা কে ভূমিহীন ও গৃহহীনমুক্ত করা এবং আধুনিক উন্নত উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষ্যে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| | (ঘ) সভায় মোঃ আব্দুর রাজ্জাক, ইউপি সদস্য, ৩ নং ওয়ার্ড, পারুল ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা বরাবর দেউতি খলিলের মিল হতে মাহাতাব মেম্বারের বাড়ী যাওয়ার রাস্তাটি সাবেক ইউপি সদস্য মরহুম মাহাতাব উদ্দিন এর নামে নাম করণের জন্য আবেদন করেছেন। সভায় বিষয়টি আলোচনা হয় । | আলোচনান্তে রাস্তাটি সাবেক ইউপি সদস্য মরহুম মাহাতাব উদ্দিন এর নামে নাম করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| | (ঙ) উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন এবং সকলকে নিয়মিত যথাসময়ে নিজ দপ্তরে উপস্থিত হয়ে কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন । তিনি উপজেলা পর্যায়ের বাস্তবায়নকৃত প্রকল্পসমুহের কাজ গুনগত মান রেখে সম্প্রসারণ, রক্ষণাবেক্ষণ ও তদারকির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন এবং কোথাও ঠিকাদার কাজ বন্ধ রেখেছেন কিনা সে ব্যাপারে তদারকির জন্য উপজেলা প্রকৌশলী এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করেন । এছাড়াও তিনি সকলকে সঠিক দায়িত্ব পালনের মাধ্যমে স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং সকল দপ্তরের কার্যক্রম সঠিক ভাবে অবগত করার জন্য সকল দপ্তর প্রধানগণকে অনুরোধ করেন। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা নির্বাহী অফিসার |
| | (চ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা পরিষদের মাসিক সভায় সদস্যগন উপস্থিত থাকায় সকলকে ধন্যবাদ জানান। তিনি সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন । তিনি সভায় সকলকে ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক রেখে গঠনমুলক আলোচনার মাধ্যমে উন্নয়ন প্রকল্পসমুহ দ্রুত বাস্তবায়ন এবং মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রয়াস অনুযায়ী পীরগাছা উপজেলাকে একটি মডেল উপজেলা হিসেবে গড়ার অভিমত ব্যক্ত করেন। | চলমান ধারা অব্যাহত রাখতে হবে | চেয়ারম্যান |
| | সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন। | | |

Mahbub 28/3/24

আবু নাসের শাহ মোঃ মাহবুবার রহমান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর
ও
সভাপতি, উপজেলা পরিষদ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
পীরগাছা, রংপুর।

"শেখ হাসিনার মুলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-০৫.৫৫.৮৫৭৩.০০১.০০.০০২.২৪-২৭৯

২৮ মার্চ ২০২৪ খ্রি.
০৭ ই চৈত্র ১৪৩০ বাংলা

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে ঃ

১. মাননীয় সংসদ সদস্য, ২২ রংপুর-৪ (পীরগাছা-কাউনিয়া), গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর ।
৪. পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর ।
৫. জেলা প্রশাসক, রংপুর।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর ।
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর।
৮. চেয়ারম্যান..................................................ইউ,পি (সকল), পীরগাছা, রংপুর।
৯. উপজেলা..........................................................অফিসার, পীরগাছা, রংপুর।
১০. সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পীরগাছা, রংপুর ।
(কার্যবিবরণী টি www.pirgacha.rangpur.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১১. অফিস কপি।

২৮/০৩/২৪
মোঃ নাজমুল হক সুমন
উপজেলা নির্বাহী অফিসার
পীরগাছা, রংপুর।

পরিশিষ্ট "ক" উপজেলা পরিষদ, পীরগাছা রংপুর মার্চ-২০২৪ মাসের মাসিক সভার উপস্থিত / অনুপস্থিত সদস্যগনের স্বাক্ষরঃ

| ক্রঃনং | সভায় উপস্থিত সদস্যগণের নাম/পদবী | সভাপতির অনুমতি ক্রমে প্রতিনিধি গণের নাম /পদবী | সভাপতির অনুমতি ব্যতিত অনুপস্থিত সদস্য গণের নাম /পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৩. | | | ভাইস চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর। | |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৫. | চেয়ারম্যান,<br>কল্যাণী ইউনিয়ন পরিষদ পীরগাছা, রংপুর | | | অস্পষ্ট |
| ৬. | | | চেয়ারম্যান<br>পারুল ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | |
| ৭. | চেয়ারম্যান,<br>ইটাকুমারী ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৮. | চেয়ারম্যান<br>অন্নদানগর ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৯. | | | চেয়ারম্যান<br>ছাওলা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | |
| ১০. | | | চেয়ারম্যান<br>তাম্বুলপুর ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | |
| ১১. | চেয়ারম্যান<br>পীরগাছা ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ১২. | চেয়ারম্যান<br>কৈকুড়ী ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ১৩. | | | চেয়ারম্যান<br>কান্দি ইউনিয়ন পরিষদ, পীরগাছা, রংপুর। | |
| ১৪. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ১৫. | | | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>পীরগাছা, রংপুর। | |
| ১৬. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ১৭. | উপজেলা কৃষি অফিসার,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ১৮. | উপজেলা মৎস্য অফিসার,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ১৯. | উপজেলা প্রকৌশলী,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২১. | উপজেলা শিক্ষা অফিসার,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২২. | | | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>পীরগাছা, রংপুর। | |
| ২৩. | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>পীরগাছা রংপুর। | | | অস্পষ্ট |
| ২৪. | উপজেলা সমাজসেবা অফিসার,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২৫. | উপজেলা সমবায় অফিসার<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২৬. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ২৭. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,<br>পীরগাছা, রংপুর | | | অস্পষ্ট |
| ২৮. | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>পীরগাছা রংপুর। | | | অস্পষ্ট |
| ২৯. | | | ভারপ্রাপ্ত বন অফিসার<br>বনবিভাগ, পীরগাছা রংপুর | |
| ৩০. | অফিসার ইনচার্জ,পীরগাছা থানা,<br>পীরগাছা,রংপুর। | | | অস্পষ্ট |

| ক্রঃনং | সভায় উপস্থিত সদস্যগণের নাম/পদবী | সভাপতির অনুমতি ক্রমে প্রতিনিধি গণের নাম /পদবী | সভাপতির অনুমতি ব্যতিত অনুপস্থিত সদস্য গণের নাম /পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৩১. | | | উপজেলা হিসাবরক্ষণ অফিসার<br>পীরগাছা, রংপুর। | |
| ৩২. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৩৩. | উপজেলা নির্বাচন অফিসার,<br>পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৩৪. | | | উপজেলা আনছার ভিডিপি অফিসার,<br>পীরগাছা, রংপুর। | |
| ৩৫. | | | সহকারী প্রকৌশলী, (বিএমডিএ)<br>পীরগাছা রংপুর। | |
| ৩৬. | | | সাব-রেজিষ্টার,<br>পীরগাছা,রংপুর। | |
| ৩৭. | | | ডিজিএম,পল্লীবিদ্যুৎ,<br>পীরগাছা,রংপুর। | |
| ৩৮. | উপজেলা পরিসখ্যান কর্মকর্তা,<br>পীরগাছা রংপুর। | | | অস্পষ্ট |
| ৩৯. | | | উপজেলা পাট উন্নয়ন কমকর্তা,<br>পীরগাছা, রংপুর। | |
| ৪০. | স্টেশন অফিসার ফায়ারসার্ভিস ও সিভিল ডিফেন্স, পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৪১. | | | উপ সহকারী প্রকৌশলী,<br>(বিএডিসি) পীরগাছা, রংপুর। | |
| ৪২. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা,<br>পীরগাছা রংপুর। | | | অস্পষ্ট |
| ৪৩. | | | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা,<br>পীরগাছা,রংপুর। | |
| ৪৪. | | | ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয়ী ব্যাংক, পীরগাছা, রংপুর | |
| ৪৫. | | | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, পীরগাছা, রংপুর। | |
| ৪৬. | | | উপ-সহকারী প্রকৌশলী<br>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পীরগাছা, রংপুর। | |
| ৪৭. | তথ্য সেবা কর্মকতা<br>তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), পীরগাছা, রংপুর। | | | অস্পষ্ট |
| ৪৮. | ইউডিএফ<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | | | অস্পষ্ট |
| ৪৯. | সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ | | | অস্পষ্ট |
| ৫০. | সদস্য, জেলা পরিষদ, পীরগাছা | | | অস্পষ্ট |

## পরিশিষ্ট-"খ"

ইজারাকৃত হাট-বাজারের তথ্যাদি

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ইজারাদারের নাম ও ঠিকানা | ১৪৩১ বাংলা লব্ধথ সরকারি ইজারা মূল্য | দাখিলকৃত দর |
|---|---|---|---|---|
| ১ | নন্দীগঞ্জ | সাব্বির আহমেদ<br>পিতা-মোঃ সালেহ আহমেদ<br>গ্রাম-গোসাইবাড়ী, ডাকঘর-মাহিগঞ্জ, রংপুর সদর, রংপুর। | ৩,৩০,১৯১/- | ৩,৩২,০০০/- |
| ২ | বড়দরগা | মোঃআব্দুসসাত্তার<br>পিতা- মৃত. হবিবররহমান<br>গ্রাম- ফকিড়া, ডাকঘর- বড়দরগা হাট, পীরগাছা, রংপুর। | ৩,৭০,১৭০/- | ৩,৭১,০০০/- |
| ৩ | দেউতি | মোঃ জাহাঙ্গীর আলম<br>পিতা-মৃত. তাহারত উল্লাহ<br>গ্রাম-বিরাহীম, ডাকঘর-মাদ্রাসা সৈয়দপুর, পীরগাছা, রংপুর । | ৪১,৬৫,৮০০/- | ৪১,৬৬,০০০/- |
| ৪ | অন্নদানগর | মোঃ হাফিজুর রহমান সংগ্রাম<br>পিতা-মৃত. আলহাজ্ব আঃ ছালাম<br>গ্রাম-যাদুলস্কর, ডাকঘর-অন্নদানগর পীরগাছা, রংপুর। | ৬,৭৯,৮১৪/- | ১৪,৭১,৫০১/- |
| ৫ | সাতদরগা | মাঃ এনামুল হক<br>পিতা-মোঃ আজগার আলী<br>গ্রাম-প্রতাব বিষু, ডাকঘর-সাতদরগা বাজার, পীরগাছা, রংপুর। | ৪,২০,৬৪৪/- | ৪,২৩,০০০/- |
| ৬ | জ্ঞানগঞ্জ | মোঃ আমিনুল ইসলাম<br>পিতা-মোঃ আজিজার রহমান<br>সাং-হরিরাম, পোস্ট-জ্ঞানগঞ্জ বাজার পীরগাছা, রংপুর। | ২৬,৩৪২/- | ২৭,৫০০/- |
| ৭ | পাওটানা | মোঃ মিজানুর রহমান<br>পিতা-মোঃ তছলিম উদ্দিন<br>গ্রাম-আদম (বসুনিয়াপাড়া), ডাকঘর-পাওটানা হাট, পীরগাছা, রংপুর। | ১,৭৬,৮৭,১৯৬/- | ১,৮৭,০০,১০০ /- |
| ৮ | ব্রাহ্মণীকুন্ডা | মোঃ ইলিয়াছ মিয়া<br>পিতা-মোঃ আঙ্গুর আলী<br>গ্রাম-পরান, ডাকঘর-তাম্বুলপুর পীরগাছা, রংপুর। | ১,৬০,৪১৪/- | ৪,৬০,০০০/- |
| ৯ | ভোলানাথ | মোঃ শাহিন সরদার<br>পিতা-মৃত. মতিয়ার রহমান সরদার<br>গ্রাম-ঘগোয়া, ডাকঘর-তাম্বুলপুর পীরগাছা, রংপুর। | ২,০৪,৪৭৫/- | ৬,৫০,০০০/- |
| ১০ | নেকমামুদ | মোঃ জহুরুল হক<br>পিতা-আঃ আলিম<br>গ্রাম-প্রতিপাল, ডাকঘর-তাম্বুলপুর পীরগাছা, রংপুর। | ১,৩৭,৬২৪/- | ১,৪১,৫০০/- |
| ১১ | পীরগাছা | আব্দুল্লাহ্আলমাহমুদ মিলনসরকার<br>পিতা-মোঃশহিদুলহকসরকার<br>গ্রাম-অনন্তরাম, ডাকঘর-পীরগাছা, পীরগাছা, রংপুর | ১৪,১১,০৩৭/- | ১৪,১১,৫০০/- |
| ১২ | কান্দি | মোঃ সাব্বির আহমেদ<br>পিতা-মোঃ লাল মিয়া<br>গ্রাম-কান্দি কাবিলা পাড়া, ডাকঘর-কান্দির হাট, পীরগাছা, রংপুর। | ২,৮৬,৫৮৯/- | ৩,০০,০০০/- |

উপরোক্ত হাট-বাজারের পরিশোধিত টাকা "হাট-বাজার ইজারালব্ধ আয়" নামক চলতি হিসাব নম্বর-৯৮০, অগ্রণী ব্যাংক লিমিটেড, পীরগাছা শাখায় জমা করা হয়েছে। অবশিষ্ট টাকা পরিশোধের জন্য সংশ্লিষ্ট ইজারাদারগণ-কে পত্র দেয়া হয়েছে।

ইজারা বিহীন সৈয়দপুর, দামুরচাকলা, কালীগঞ্জ, ইটাকুমারী ও চৌধুরাণী হাট-বাজারের যথাযথ ইজারা মূল্য না পাওয়ার বিষয়ে বিদ্যমান কারণ ও তথ্যাদি: (১) চেয়ারম্যান, ২ নং পারুল ইউপি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর জানান যে, সৈয়দপুর হাটে গরু-ছাগলের হাট লাগে না এবং ১৪২৮, ১৪২৯ বাংলা সনের চেয়ে 1430 বাংলা সনে দাখিলকৃত ইজারা মূল্য (৭,৫৫,১০০/-) অধিক বৃদ্ধি পাওয়ায় ইতোপূর্বে ইজারদারগণ যে টাকা দিয়ে হাট ইজারা গ্রহণ করত সারা বছর কালেকশন করেও উক্ত টাকা ইজাদারগণ তুলতে পারেন না। এছাড়াও নীতিমালা মোতাবেক প্রতি বছর সরকারি মূল্য ৬% হারে বৃদ্ধি পাচ্ছে। তাই লোকসান জনিত কারণে সরকারি মূল্যে (৬,৮১,৯৬৯/-) সৈয়দপুর হাট ইজারা নিতে কোন ইজারদার/ব্যক্তি আগ্রহী নয়।

(২) চেয়ারম্যান, ৩ নং ইটাকুমারী ইউপি জানান যে, দামুরচাকলা হাট ইতোপূর্বে ইজারদারগণ যে টাকা দিয়ে হাট ইজারা গ্রহণ করত। সারা বছর কালেকশন করেও উক্ত টাকা ইজাদারগণ তুলতে পারেন না। বর্তমানে দামুরচাকলা হাটের পাশে ব্রিজ ভেঙ্গে যাওয়ায় এবং নতুন ব্রিজের কাজ চলমান থাকায় হাটে কোন বড় গাড়ী আসা-যাওয়া করতে পারে না। তাই লোকসান জনিত কারণে সরকারি মূল্যে দামুরচাকলা হাট ইজারা নিতে কোন ইজারদার/ব্যক্তি আগ্রহী নয়।

(৩) চেয়ারম্যান, ৩ নং ইটাকুমারী ইউপি জানান যে, কালীগঞ্জ হাটের ভিতরে প্রবেশের রাস্তা না থাকায় বাজারের ভিতরের দোকান বন্ধ থাকে। ইতোপূর্বে ইজারদারগণ যে টাকা দিয়ে হাট ইজারা গ্রহণ করত সারা বছর কালেকশন করেও উক্ত টাকা ইজাদারগণ তুলতে পারেন না। তাই লোকসান জনিত কারণে সরকারি মূল্যে কালীগঞ্জ হাট ইজারা নিতে কোন ইজারদার/ব্যক্তি আগ্রহী নয়। ইতোমধ্যে অবৈধ দখলদার উচ্ছেদের কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং নথি জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় সকলে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

(৪) চেয়ারম্যান, ৩ নং ইটাকুমারী ইউপি ছৎথৎথ গ্নব, ইটাকুমারী হাটে কোন দোকানপাট নেই। হাট বসে না ও কোন পণ্য ক্রয় বিক্রয় হয় না। ফলে ইটাকুমারী হাট ইজারা নিতে কেহ আগ্রহী নয় এবং গত ১০ বছর ধরে ইজারা/খাস আদায় হয় না বিধায় ইটাকুমারী হাট টি সায়রাতভুক্ত হতে বাতিলের জন্য অনুরোধ জানান। উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উক্ত হাট বিলুপ্তির ব্যাপারে উপজেলা পরিষদ চেয়ারম্যানসহ সকলে সায়রাত মহাল হতে অবমুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

(৫) চেয়ারম্যান, ৮ নং কৈকুড়ী ইউপি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগাছা, রংপুর জানান যে, চৌধুরাণী হাটে গরু-ছাগল হাটের কোন জায়গা না থাকায় এবং ১৪২৮ বাংলা সনের ইজারা মূল্য ৭১,১১,১০০/- টাকার চেয়ে ১৪২৯ বাংলা সনে দাখিলকৃত ইজারা মূল্য ১৬,৬৬,৬৭৭/- টাকা বৃদ্ধি পেয়ে ৮৭,৭৭,৭৭৭/-টাকা হওয়ায় সরকারি মূল্য (২৩%) বৃদ্ধি পেয়েছে। ফলে ইতোপূর্বে ইজারদারগণ যে টাকা দিয়ে হাট ইজারা গ্রহণ করত সারা বছর কালেকশন করেও উক্ত টাকা ইজাদারগণ তুলতে পারেন না। এছাড়াও নীতিমালা মোতাবেক প্রতি বছর সরকারি মূল্য ৬% শৎগ্ধভ বৃদ্ধি পাচ্ছে। তাই লোকসান জনিত কারণে সরকারি মূল্যে (৮৩,৬৭,৯১৫/-) চৌধুরাণী হাট ইজারা নিতে কোন ইজারদার/ব্যক্তি আগ্রহী নয়।

**১৪৩১ বাংলা সনে দরপত্র দাখিল না হওয়া ও যথাযথ ইজারা মূল্য না পাওয়া হাট-বাজারের বিবরণ ঃ**

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | ১৪৩১ বাংলা সনের সরকারি ইজার মূল্য | দাখিলকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সৈয়দপুর | ৬,৮১,৯৬৯/- | -- | দরপত্র বিক্রয় ও দাখিল হয়নি। |
| ২ | দামুরচাকলা | ১,০৭,০৬৪/- | -- | দরপত্র দাখিল হয়নি। |
| ৩ | কালীগঞ্জ | ৭৪,৩৫১/- | -- | দরপত্র দাখিল হয়নি। |
| ৪ | ইটাকুমারী | ১,০০০/- | -- | **দরপত্র বিক্রয় ও দাখিল হয়নি। সায়রাত মহাল হতে অবলুপ্ত করা যেতে পারে।** |
| ৫ | চৌধুরাণী | ৮৩,৬৭,৯১৫/- | -- | দরপত্র দাখিল হয়নি। |